SENIOR SCHOOL CERTIFICATE EXAMINATION

2020-2021

# SAMPLE PAPER OF CLASS –XII

# SUBJECT- BENGALI ( বাংলা )

# SUBJECT CODE : 105

# F.M. – 80

www.careerindia.com

CAREERINDIA

## Code No. 105

- Please check that this question paper contains **23** printed pages.
- Please check that this question paper contains **16** questions.
- 15 minutes time has been allotted to read this question paper and it will be distributed at 10.15 a.m. From 10.15 a.m. the students will read the question paper only and will not write any answer on the answer script during this period.

The Question Paper is divided into **two** Parts

PART – A : Objective type paper: **40** Marks

PART – B : Descriptive paper: **40** Marks

www.careerindia.com

# Class – XII (2020 – 2021)

# Subject – Bengali

সময়- ৩ঘণ্টা সর্বমোট অঙ্ক – ৮০

**Time : 3 Hrs.** **Maximum Marks: 80**

## PART A: Objective type paper

**1.** নিচের **তিনটি** অনুচ্ছেদ থেকে যে কোনো **দুটি** অনুচ্ছেদ পড়ে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন কর: 2 X (1X5) = 10

**A.** সন্ধ্যার পর 'রাজা' অভিনয় আরম্ভ হইল। তখন 'নাট্যঘর' নামে একটি বড় মাটির ঘরে অভিনয় হইত। ব্রাহ্মসমাজে লালিত পালিত হওয়াতে অভিনয় ইতিপূর্বে কখনো দেখি নাই। 'রাজা' অভিনয় দেখিয়া একেবারে বিস্মিত ও মুগ্ধ হইয়া গেলাম। রবীন্দ্রনাথ 'ঠাকুরদা' সাজিয়া ছিলেন, আড়াল হইতে 'রাজা'র ভূমিকাও তিনি অভিনয় করিয়া ছিলেন। ঠাকুরদা সাজিতে তাঁহাকে বিশেষ কষ্ট পাইতে হয় নাই। সদাসর্বদা যে গেরুয়া রঙের পোশাক পরিতেন, তাহার উপর ফুলের মালা পরিয়া তিনি রঙ্গমঞ্চে প্রবেশ করিলেন। ঠাকুরদা যেখানে রাজসেনাপতির বেশে আবির্ভূত হইলেন, সেখানে অবশ্য পোশাকের পরিবর্তন ঘটিল। সাদা রেশমের পোশাকের উপরে চওড়া লাল কোমরবন্ধ পরিয়া তিনি বাহির হইলেন। রবীন্দ্রনাথের অভিনয়ের আর কী বর্ণনা দিব। তাঁহার সব কিছুর তুলনা একমাত্র তাঁহাতেই মিলিত। একটি জিনিস আমার সর্বদা মনে হইত যখনই তাঁহার অভিনয় দেখিতাম – তিনি যে ভূমিকায় অবতীর্ণ হোন, তিনি যে রবীন্দ্রনাথ ইহা কিছুতেই ভুলিতে পারিতাম না। আকাশের সূর্যকে যেমন সাজাইয়া তারকার মূর্তি ধরানো যায় না, তাঁহাকেও তেমনি অন্য কাহারও মূর্তি ধরানো যাইত না। দিনেন্দ্রনাথ কালিঝুলি মাখিয়া, আলখাল্লার উপর নানা রঙের

www.careerindia.com

ন্যাকড়ার ফালি ঝুলাইয়া রঙ্গমঞ্চে প্রবেশ করিলেন। তিনি পাগল সাজিয়া ছিলেন, তাঁহার চেহারা দেখিয়া দু –তিনটি শিশু কান্দিয়া উঠিল। অজিত কুমার চক্রবর্তী রানী সুদর্শনা ও তাঁহার কনিষ্ঠ ভ্রাতা সুরঙ্গমা সাজিয়া ছিলেন। কাঞ্চীরাজের ভূমিকা গ্রহণ করিয়াছিলেন জগদানন্দ রায় মহাশয়। নাটকের ভিতর অনেকগুলি গান ছিল, তাহার কয়েকটি বাদ দেওয়া হইয়াছিল।

a. "সন্ধ্যার পর 'রাজা' অভিনয় আরম্ভ হইল।"- এখানে 'রাজা' হল –

i. একটি নাটক

ii. একটি কাব্যনাট্য

iii. একটি নৃত্যনাট্য

iv. একটি গীতিনাট্য

b. 'রাজা' থেকে কী বাদ দেওয়া হয়েছিল?

i. কয়েকটি পুরুষ চরিত্র

ii. অনেকগুলি দৃশ্য

iii. কয়েকটি নারী চরিত্র

iv. অনেকগুলি গান

c. 'রাজা'র ভূমিকায় কে অভিনয় করেছিলেন?

i. জগদানন্দ রায়

ii. অজিত কুমার চক্রবর্তী

iii. রবীন্দ্রনাথ

iv. দিনেন্দ্রনাথ

www.careerindia.com

d. দু –তিনটি শিশু কেঁদে উঠেছিল কেন?

i. এক বন্যপ্রাণীর হঠাৎ আবির্ভাবে ভয় পেয়ে

ii. পাগল চরিত্রটির চেহারা দেখে ভয় পেয়ে

iii. একটি দু:খের অভিনয় দৃশ্য দেখে কষ্ট পেয়ে

iv. ভিড়ের মাঝে তাদের অভিভাবকদের খুঁজে না পেয়ে

e. 'গ্রহণ'–এর বিপরীতার্থক শব্দটি হল–

i. পরিমার্জন

ii. পরিগ্রহণ

iii. বর্জন

iv. অধিগ্রহণ

**B.** আজ যে রাস্তায় করোনা মানুষের অপেক্ষায় ওত পেতে বসে, আগের শতকে সেখানেই থাবা মেলেছিল প্লেগ। এক বিদেশিনী সেখানে প্রাণমায়া তুচ্ছ করে ব্লিচিং পাউডার ছড়িয়ে ভারতসন্তানের দুধেভাতে থাকার বন্দোবস্ত করতেন। তাঁকে দেখামাত্র, ধড়াম ধড়াম বন্ধ হত দরজাগুলো। আর তিনি চলে গেলে তাঁর ব্লিচিং দেওয়া রাস্তায় ঘড়া ঘড়া গঙ্গাজল ঢালা চলত। ১৮৯৯ সালে সিস্টার নিবেদিতাকে এইভাবে আঘাত দিত যারা, তাদের থেকে একটি পা–ও এগোয় নি ২০২০ সালের মূর্খ ভারতসন্তানরা, যারা খোদ রক্ষাকর্তা স্বাস্থ্যসেবকদেরই দূর দূর করে তাড়াচ্ছে। গত ১২১ বছরে শুধু গুণিতকের হিসাবে বেড়েছে প্রমাণ, সাক্ষ্য। বুঝিয়েছে সবচেয়ে দ্রুতবেগে উধাও হয়ে চলেছে মনুষ্যত্বযুক্ত মানুষ। তবু গভীরতম অসুখেও তো শরীর–মন কোনোদিন একটু চাঙ্গা লাগে, তেমনই গভীর অন্ধকারের পর্দা সরে কখনো সূর্যও দেখা দেয়। আর 'ওদের' হঠাৎ পাওয়া যায় রাস্তার মোড়ে, মলিন দোকানে, বাসস্টপের বিষণ্ণ ভীড়ের পাশটিতে। দেশ তালাবন্দী হওয়ার সামান্য আগে, খবর হয়েছিলেন আজম খান। বেঙ্গালুরুর ট্যাক্সিচালক, কষ্টের রোজগার বাঁচিয়ে মাস্ক কিনেছেন। যাত্রীরা উঠলেই

www.careerindia.com

হাতে হাতে তুলে দিচ্ছেন। বিশেষ সম্প্রদায়ের তবু 'ওঁদের' মতো বিপজ্জনক নন। ইনদওরের দ্রৌপদীবাই জ্বর-শ্বাসকষ্টে মারা গেলে শবাধার কাঁধে নিলেন মুসলিম প্রতিবেশীরা। ওরা সবাই আশ্চর্য মানুষ, সবাই দৃষ্টান্ত। তাই পশ্চিমী দুনিয়াও তোলপাড় স্কটল্যাণ্ডের মুসলিম দম্পতি আশিয়া ও জাওয়াদ জাভেদকে নিয়ে, যাঁরা নিজেদের স্টেশনারী দোকানের পুঁজি বাজি রেখে সাবান, মাস্ক কিনছেন আর বিলিয়ে দিচ্ছেন প্রবীণ-অথর্ব নাগরিকদের। এ তো মানুষেরই কাজ। তবে এই এক মানবসভ্যতা, যেখানে মানুষের করণীয়টুকু করলেই অতিমানবের তকমা পাওয়া যায় আর 'ওরা' এমন ভালো কাজ কী করে করলেন- এই অসুস্থ বিস্ময়ের সম্মুখীন হতে হয়।

a. আজকের করোনার জায়গায় বিশ শতকে কিসের প্রাদুর্ভাব ঘটে?

i. প্লেগ

ii. কলেরা

iii. ম্যালেরিয়া

iv. গুটিবসন্ত

b. বিশ শতকের সূচনায় কোন্ বিদেশিনীকে ভারতীয়দের সেবায় জীবন উৎসর্গ করতে দেখা যায়?

i. ফ্লোরেন্স নাইটিঙ্গেল

ii. সিস্টার নিবেদিতা

iii. মিস. হেনরিয়েটা মুলার

iv. মিসেস সেভিয়ার

CAREERINDIA

c. বর্তমান বিশ্বে মানুষের ভিতর থেকে সবচেয়ে দ্রুতবেগে কোন্ জিনিসটি উধাও হয়ে চলেছে বলে লেখক মনে করেন?

i. সচেতনতাবোধ

ii. মনুষ্যত্ববোধ

iii. দায়িত্ববোধ

iv. শৃঙ্খলাবোধ

d. 'অসুস্থ বিস্ময়' বলতে কী বোঝানো হয়েছে?

i. রক্ষাকর্তা-স্বাস্থ্যসেবকদেরই দূর দূর করে তাড়ানোর ঘটনাকে

ii. ব্লিচিং দেওয়া রাস্তায় ঘড়া ঘড়া গঙ্গাজল ঢেলে দেওয়ার ঘটনাকে

iii. সমাজের কল্যাণে সমাজের নীচুতলার,দরিদ্র মানুষের সাহায্যের হাত বাড়ানোর ঘটনাকে

iv. গরিব মানুষের প্রতি অসুস্থ মানুষের সহযোগিতার হাত বাড়ানোর ঘটনাকে

e. 'অপেক্ষা'- এর সন্ধি বিচ্ছেদ করলে হয় –

i. অপ + ইক্ষা

ii. অপ + ঈক্ষা

iii. অপ + এক্ষা

iv. অপি + ঈক্ষা

C. এক সমৃদ্ধশালী পরিবারে জন্ম হওয়া সত্ত্বেও সত্যজিৎ রায়ের শৈশব সুখকর হয়নি। মাত্র তিন বছর বয়সে তাঁর পিতৃবিয়োগ ঘটে। মা সুপ্রভা দেবী বহু কষ্টে তাঁকে বড় করেন। স্কুলে প্রথম পা রেখেছিলেন ন 'বছর বয়সে। বালিগঞ্জ গভর্ণমেন্ট হাইস্কুল-প্রেসিডেন্সি কলেজের চৌকাঠ পার হবার পর মায়ের ইচ্ছেয় ১৯৪০ সালে শান্তিনিকেতনে

www.careerindia.com

বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ে ভর্তি হন। কলকাতার জীবন ছেড়ে শান্তিনিকেতনে যাওয়ার ইচ্ছে না থাকলেও শান্তিনিকেতনের সেই দিনগুলোই তাঁর অন্তর্চক্ষুতে দৃষ্টিদান করেছিল, পরে নিজেই একথা বলেছিলেন সত্যজিৎ। সেখানে বিনোদবিহারী মুখোপাধ্যায়ের হাতেই শিল্পীজীবনের নান্দীমুখ হয় তাঁর। ‘ দ্য ইনার আই ’ ছিল গুরুর প্রতি শিষ্যের কৃতজ্ঞতার স্মারক। নিয়মানুযায়ী বিশ্বভারতীতে তার পাঁচ বছর পড়াশোনা করার কথা থাকলেও তার আগেই ১৯৪৩ সালে তিনি শান্তিনিকেতন ছেড়ে কলকাতায় চলে আসেন এবং সেখানে ব্রিটিশ বিজ্ঞাপন সংস্থা ডিজে কিমারে মাত্র ৮০ টাকা বেতনের বিনিময়ে “জুনিয়র ভিজুয়ালাইজার” হিসেবে যোগ দেন।

তবে তাঁর জীবনে নতুন দরজা খুলে দিয়েছিল সিগনেট প্রেসের চাকরি। সেখানে কাজ ছিল বাংলা বইয়ের প্রচ্ছদ আঁকার। সত্যজিতের হাতেই রূপ পায় জীবনানন্দ দাশের ‘বনলতা সেন’ এবং ‘রূপসী বাংলার’ চিত্রণ। এঁকেছিলেন জিম করবেটের ‘ম্যান ইটারস অব কুমায়ুন ’ এবং জওহরলাল নেহেরুর ‘ডিসকভারি অব ইন্ডিয়া ’-র বাংলা সংস্করণের প্রচ্ছদও। আর এঁকেছিলেন ‘চাঁদের পাহাড় ’ ও ‘আম আঁটির ভেঁপু ’ বইটির প্রচ্ছদ। ‘আম আঁটির ভেঁপু ’ ছিল কিশোর সংস্করণ। সত্যজি ৎ স্কেচ করতে করতে ভাবলেন, তিনি মূল উপন্যাসটি পড়বেন। সেই ভাবনা থেকেই জন্ম নিয়েছিল ভারতীয় চলচ্চিত্রের নতুন যুগ। সত্যজি ৎ পড়লেন এবং ঠিক করলেন বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের লেখা মূল উপন্যাস নিয়ে ছবি বানাবেন। চিত্রনাট্য লিখলেন, পাওয়া গেল কুশীলবদের। কিনতু মা লক্ষ্মী বড় নির্দয়। ছবির শুটিং কিছুটা হয়, আবার বন্ধ হয়ে পড়ে থাকে। নিজের সঞ্চিত অর্থ, স্ত্রী বিজয়ার অলঙ্কার সব বিপন্ন। তাতেও সমাধান হয় না অর্থসংকটের। শেষে পাশে দাঁড়ালেন ত ৎকালীন মুখ্যমন্ত্রী বিধানচন্দ্র রায়। শুধু নিশ্চিন্দিপুরের অভাবী দুই ভাই-বোন নয়, কাশবনের মধ্য দিয়ে নতুন করে রেলগাড়ি দেখল গোটা বাংলা তথা সারা ভারত এবং সর্বোপরি সারা বিশ্ব। ১৯৫৫ সালে মুক্তি পেল ‘পথের পাঁচালী’।

a. কার প্রতি সত্যজিৎ রায়ের কৃতজ্ঞতার স্মারক ছিল ‘দ্য ইনার আই’?

i. মা সুপ্রভা দেবীর প্রতি

ii. স্কুল-কলেজের বন্ধুদের প্রতি

iii. শান্তিনিকেতনের জনগণের প্রতি

iv. গুরু বিনোদবিহারী মুখোপাধ্যায়ের প্রতি

b. কোন্ ঘটনা সত্যজিৎ রায়ের জীবনে নতুন দরজা খুলে দিয়েছিল?
i. বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়া
ii. ডিজে কিমারে চাকরি পাওয়া
iii. সিগনেট প্রেসে চাকরি পাওয়া
iv. মাত্র তিন বছর বয়সে তাঁর পিতৃবিয়োগ ঘটা
c. 'রূপসী বাংলা' কার লেখা?
i. জীবনানন্দ দাশের
ii. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের
iii. সত্যজিৎ রায়ের
iv. জিম করবেটের
d. সত্যজিৎ রায়ের কোন ছবি ভারতীয় চলচ্চিত্রের নতুন যুগের সূচনা ঘটায়?
i. চাঁদের পাহাড়
ii. পথের পাঁচালী
iii. আম আঁটির ভেঁপু
iv. ডিসকভারি অব ইন্ডিয়া
e. 'পড়লেন' শব্দটির সাধুরূপ হবে –
i. পড়াইলেন
ii. পরিলেন
iii. পড়িলেন
iv. পরাইলেন

**2.** যে কোনো **পাঁচটি** বাগধারা/প্রবাদের সঠিক অর্থটি নির্বাচন কর:(MCQ) 1X5=5

a. 'চুনোপুঁটি' বাগধারাটির অর্থ হল –

i. এক ধরনের মাছ

ii. নগণ্য ব্যক্তি

iii. গম্ভীর ব্যক্তি

iv. গণ্যমান্য ব্যক্তি

www.care

b. 'ঠোঁট কাটা' বাগধারাটির অর্থ হল-

i. যার ঠোঁট কেটে গেছে

ii. নির্লজ্জ ব্যক্তি

iii. স্পষ্টবক্তা

iv. যার ঠোঁটে কথা আটকে থাকে

c. 'আষাঢ়ে গল্প' বাগধারাটির অর্থ হল-

i. অবাস্তব কাহিনী

ii. আষাঢ় মাসে রচিত কাহিনী

iii. গোয়েন্দা কাহিনী

iv. রোমাঞ্চকর কাহিনী

d. 'মিছরির ছুরি'- বাগধারাটির অর্থ হল-

i. মিছরি কাটার ছুরি

ii. কোমল স্বরে কথা বলা

iii. আপাত মধুর হলেও অন্তরে বিষ

iv. খুব মিষ্টি বাক্য

e. 'হ-য-ব-র-ল'-বাগধারাটির অর্থ হল-

i. সুশৃঙ্খল

ii. বিশৃঙ্খল

iii. উচ্ছৃঙ্খল

www.careerindia.com

iv. চঞ্চল

f. 'তীর্থের কাক'-বাগধারাটির অর্থ হল-

i. যে কাক দেখলে তীর্থস্থানে যাওয়া যায়

ii. হতাশাগ্রস্ত জীবনযাপন

iii. অধীর আগ্রহে কোনো কিছুর প্রতীক্ষায় থাকা

iv. তীর্থক্ষেত্রে যে কাক থাকে

**3. <u>গদ্য</u>** থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন কর: (MCQ)

(যে কোনো **দশটি**) 1X10=10

a. 'ভারতবর্ষ' গল্পটি যে ঋতুর পটভূমিতে রচিত তা হল-

i. বর্ষা

ii. শীত

iii. গ্রীষ্ম

iv. শরৎ

b. "...মাঝে-মাঝে বিমর্ষ সভ্যতার মুখ চোখে পড়ে" কারণ-

i. গ্রামে সভ্য মানুষের বসবাস কম

ii. গ্রামের চারপাশে ছড়িয়ে আছে ভাঙা ইটের স্তূপ

iii. গ্রামে বিদ্যুৎ নেই

iv. গ্রামে শিক্ষিত মানুষের অভাব

c. মৃত্যুঞ্জয়ের রকম দেখেই নিখিল অনুমান করতে পারল-

www.careerindia.com

i. মৃত্যুঞ্জয় তার ওপর রাগ করে আছে

ii. তার শরীর ভালো নেই

iii. বড় একটা সমস্যার সঙ্গে তার সংঘর্ষ হয়েছে

iv. মৃত্যুঞ্জয়ের মন ভালো নেই

d. "চোখ গেলে দোব"- বুড়ির একথা বলার কারণ হল-

i. চোখ থেকেও লোকেরা প্রকৃত সত্যকে দেখতে পাচ্ছিল না

ii. বুড়ির দিকে সবাই সন্দেহের দৃষ্টিতে তাকাচ্ছিল

iii. লোকেরা বুড়িকে চোখ রাঙাচ্ছিল

iv. বুড়ি ছিল ঝগড়ুটে স্বভাবের

e. অন্য সকলের মত নিখিলও মৃত্যুঞ্জয়কে পছন্দ করত, কারণ-

i. মৃত্যুঞ্জয় অত্যন্ত নিরীহ ও ভালোমানুষ

ii. মৃত্যুঞ্জয় অন্যের বিপদে পাশে দাঁড়াতে জানে

iii. মৃত্যুঞ্জয় আদর্শবাদের কল্পনা-তাপস

iv. মৃত্যুঞ্জয় তার ভালো বন্ধু

f. "শনিতে সাত, মঙ্গলে পাঁচ, বুধে তিন-বাকি সব দিন দিন"- এটি হল একটি -

i. গান

ii. ছড়া

iii. বচন

iv. কাব্য

www.careerindia.com

g. নিখিল মৃত্যুঞ্জয়ের প্রতি কোন্, কোন্ নেতিবাচক মনোভাব পোষণ করে?

i. ঘৃণা ও ঈর্ষা

ii. অবজ্ঞা ও ঈর্ষা

iii. অশ্রদ্ধা ও ঈর্ষা

iv. তাচ্ছিল্য ও ঈর্ষা

h. 'ভারতবর্ষ' গল্পে বৃদ্ধার চরিত্রের পরিণতির মধ্য দিয়ে গল্পকথক কোন্ বার্তা দিতে চেয়েছেন?

i. দরিদ্র, অসহায় ভারতমাতা ও ধর্মনিরপেক্ষ-অখণ্ড দেশ হল ভারতবর্ষ

ii. দরিদ্র, অসহায় ভারতমাতা ও সাম্প্রদায়িক দেশ হল ভারতবর্ষ

iii. দরিদ্র, অসহায় ভারতমাতা ও ধর্মপ্রধান-খণ্ডিত দেশ হল ভারতবর্ষ

iv. দরিদ্র, অসহায় ভারতমাতা ও ধর্মপ্রাণ-অখণ্ড দেশ হল ভারতবর্ষ

I. মানিক বন্দ্যোপাধ্যায়ের প্রকৃত নাম কী?

i. মানিকচন্দ্র বন্দ্যোপাধ্যায়

ii. প্রবোধচন্দ্র বন্দ্যোপাধ্যায়

iii. প্রবোধকুমার বন্দ্যোপাধ্যায়

iv. মানিকচাঁদ বন্দ্যোপাধ্যায়

www.careerindia.com

j. “যবন নিধনে অবতীর্ণ হও মা!”—বক্তা হলেন –

i. করিম ফরাজি

ii. নকড়ি নাপিত

iii. নিবারণ বাগদি

iv. ভটচাজমশাই

k. “এখন সেটা বন্ধ করে দিয়েছে।”- মৃত্যুঞ্জয় এখন কী বন্ধ করে দিয়েছে?

i. নিখিলের সঙ্গে কথা বলা

ii. অনাহারী মানুষকে অর্থসাহায্য করা

iii. অনাহারী মানুষের সঙ্গে কথা বলা

iv. বাড়ির সঙ্গে যোগাযোগ রাখা

**4. কবিতা** থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন কর:(MCQ) (যে কোনো **পাঁচটি**) 1X5=5

a. “আমার দরকার শুধু গাছ দেখা”-‘আমি দেখি’ কবিতার এই উক্তিটি কোন মূল কাব্যগ্রন্থের অন্তর্গত?

i. ‘হেমন্তের অরণ্যে আমি পোস্টম্যান’

ii. ‘ধানখেত থেকে’

iii. ‘অঙ্গুরী তোর হিরণ্য জল’

iv. ‘ঈশ্বর থাকেন জলে’

b. “নিহত ভাইয়ের শবদেহ’ কবির মনে জাগিয়েছিল –

i. ভয়

www.careerindia.com

ii. বেদনা

iii. সহানুভূতি

iv. ক্রোধ

c. কবির মতে, সবুজের ভীষণ দরকার –

i. সবুজ বিপ্লবের জন্য

ii. খাদ্যসংকট মেটানোর জন্য

iii. আরোগ্য লাভের জন্য

iv. সৌন্দর্য বৃদ্ধির জন্য

d. ক্রন্দনরতা জননীর পাশে না থাকলে কবির অর্থহীন মনে হয় –

i. লেখালেখি করাকে

ii. নাগরিক হওয়াকে

iii. রাজনীতিকে

iv. বেঁচে থাকাকে

e. বহুদিন কোথায় কবির দিন কাটে নি?

i. হিমালয়ে

ii. জঙ্গলে

iii. শহরে

iv. সমুদ্রতীরে

www.careerindia.com

f. ক্রন্দনরতা জননী হলেন –

i. কবির স্বদেশ

ii. নিহত ভাইয়ের মা

iii. নিখোঁজ মেয়েটির মা

iv. কবির মা

5. **নাটক** থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন কর: (MCQ) (যে কোনো **<u>পাঁচটি</u>**) 1X5=5

a. 'নানা রঙের দিন' নাটকটি কোন্ মূল নাটকের অনুবাদ?

i. দ্য সীগাল

ii. দ্য চেরি অর্চার্ড

iii. দ্য সোয়ান সঙ্

iv. দ্য ম্যাবেড়া প্রোপোজাল

b. "রাজনীতি বড়ো কূট।"- বক্তা হলেন –

i. ঔরঙ্গজেব

ii. কালীনাথ

iii. দারা

iv. সুজা

c. কালীনাথ সেনের পরনে ছিল –

i. ময়লা ধুতি

ii. নতুন পাজামা

www.careerindia.com

iii. পরিষ্কার পাজামা

iv. ময়লা পাজামা

d. মঞ্চের মাঝখানে কী ওলটানো ছিল?

i. একটি টেবিল

ii. একটি চেয়ার

iii. একটি টুল

iv. একটি মোমবাতি

e. 'রিজিয়া' নাটকটি কার লেখা?

i. দ্বিজেন্দ্রলাল রায়

ii. মনমোহন রায়

iii. মনমোহন বসু

iv. গিরিশচন্দ্র ঘোষ

f. "A horse! A horse! my kingdom for a horse!"– এই সংলাপটি কোন্ নাটকের?

i. জুলিয়াস সিজার

ii. রিচার্ড দ্য থার্ড

iii. কিং লিয়ার

iv. হ্যামলেট

www.careerindia.com

6. **সহায়ক পাঠ** থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন কর: (MCQ)

(যে কোনো **পাঁচটি**) 1X5=5

a. বক্সা কোথায় অবস্থিত?

i. পশ্চিমবঙ্গে

ii. উত্তরবঙ্গে

iii. দক্ষিনবঙ্গে

iv. পূর্ববঙ্গে

b. "এরা সব সাধুচরণের অতীত,"-'এরা' হল –

i. বক্সার জেলের বালক অপরাধীরা

ii. বক্সার জেলে বন্দী স্বদেশপ্রেমী মানুষরা

iii. সান্তালবাড়িতে সমবেত ভুটিয়া ছেলেমেয়েরা

iv. সাধুচরণের বাড়ির লোকজনেরা

c. ডালুদের গ্রামের কুটিশ্বর সাহা ছিল –

i. গ্রামের কৃষক

ii. গ্রামের জমিদার

iii. গ্রামের মহাজন

iv. গ্রামের জোতদার

www.careerindia.com

d.“একটা দুষ্টু শনি কোথাও কোনো আনাচে যেন লুকিয়ে আছে।”– এখানে জমিদারকে কেন ‘দুষ্টু শনি’ বলা হয়েছে?

i. শনির মতো তার কুদৃষ্টিতে গরিব প্রজারা তাদের ফসল হারিয়ে সর্বস্বান্ত হত ব’লে

ii. শনির মতো তার কৃপাদৃষ্টিতে গরিব প্রজারা সুখে-শান্তিতে বাস করত ব’লে

iii. শনির মতো তার ষড়যন্ত্রে গরিব প্রজাদের ফসলের জমি চাষের অযোগ্য হয়ে উঠত ব’লে

iv. শনির মতো তার আশীর্বাদে প্রজারা জমিদারের খামারে ধান তুলতে রাজি হত বলে

e. গারো পাহাড় অঞ্চলে প্রচলিত ‘হাতিবেগার’ হল –

i. হাতি রাখার জায়গা

ii. হাতি শিকারের কৌশল

iii. একটি জমিদারি আইন

iv. হাতি – পরিচর্যার নানা উপায়

f. “খাজনা দিতে না পারলে তহশিলদার প্রজাদের পিছমোড়া করে বেঁধে মারত।”– এখানে ‘পিছমোড়া’ কথার অর্থ হল –

i. দু’হাত পেছনে বাঁধা

ii. দু’পা পেছনে বাঁধা

iii. পেছন থেকে কোমর বাঁধা

iv. পেছন থেকে দু’চোখ বাঁধা

www.careerindia.com

CAREERINDIA

## PART B: Descriptive paper

## Grammar

**7.** ধ্বনিবিজ্ঞানের নিম্নলিখিত সূত্রগুলির মধ্যে যে কোনো **একটির দু'টি** উদাহরণসহ সংজ্ঞা লেখ: (2+3) x 1 =5

a. অপিনিহিতি

b. স্বরসঙ্গতি

**8.** যে কোনো **একটি** অলঙ্কারের উদাহরণসহ সংজ্ঞা লেখ: 3+2=5

a. অনুপ্রাস

b. যমক

**অথবা**

অলঙ্কার নির্ণয় কর এবং সংজ্ঞা লেখ ( **একটি** )

a. নন্দপুর চন্দ্র বিনা বৃন্দাবন অন্ধকার।

b. আনাদরে আনা যায় কত আনারস।

c. অনামী লেখকের বই বাজারে কাটে কম, পোকায় কাটে বেশী।

**9.** যে কোনো **একটি** বাগধারা/প্রবাদের অর্থ লিখে বাক্য রচনা কর: 2 x1=2

আকাশ থেকে পড়া, দু নৌকায় পা

www.careerindia.com

## Supplementary Reader/ Non-detailed text

**10.** “ভূরিভোজনটা অন্যায়, কিনতু না খেয়ে মরাটা উচিত নয় ভাই।”– 1+1+3=5

a. বক্তা কে?

b. কখন তিনি একথা বলেন?

c. এখানে বক্তার কোন মানসিকতার পরিচয় পাওয়া যায়?

**অথবা**

“তোরা মর্, তোদের শতগুষ্টি মরুক।”–

a. কার উক্তি?

b. তিনি কাদের উদ্দেশে একথা বলেন?

c. কোন্ পরিস্থিতিতে তিনি একথা বলেন তা বুঝিয়ে লেখ।

**11.** “শহরের অসুখ হাঁ করে কেবল সবুজ খায়”– কবির এই মন্তব্যটির অন্তর্নিহিত অর্থ নিজের ভাষায় লেখ। 3

**অথবা**

“আমার বিবেক, আমার বারুদ

বিস্ফোরণের আগে।” – উদ্ধৃত অংশটিতে কবির বক্তব্য বুঝিয়ে লেখ।

**12.** “তুমি থিয়েটারওয়ালা– একটা নকলনবীশ –একটা অস্পৃশ্য ভাঁড়,”– 2+3=5

a. বক্তার মনে কখন এই উপলব্ধি জাগে?

b. এখানে বক্তার কোন্ মানসিকতা প্রকাশ পেয়েছে তা বুঝিয়ে লেখ।

**অথবা**

“আপনার প্রতিভা এখনও মরে নি চাটুজ্জেমশাই।”–



www.careerindia.com

a. কার প্রতি, কার এই উক্তি?

b. কোন্ প্রসঙ্গে বক্তা এই উক্তিটি করেছেন তা বুঝিয়ে দাও।

**13.** "জয়তোরণে ঠাসা মহনীয় রোম। 1+3=4

বানাল কে?"-

a. কোন্ কবিতার অংশ?

b. প্রসঙ্গটি উল্লেখের কারণ বুঝিয়ে লেখ।

**অথবা**

. "কে জিতেছিল? একলা সে?"-

a. কার সম্পর্কে এই উক্তি?

b. উক্তিটির অর্থ বুঝিয়ে দাও।

**14.** "..চেংমানের মাথায় আকাশ ভেঙে পড়ে।"-চেংমানের মাথায় আকাশ ভেঙে পড়ার কারণ কী? 2

**অথবা**

"যেন রাবণের চিতা- জ্বলছে তো জ্বলছেই।"-কাকে, কেন 'রাবণের চিতা' বলা হয়েছে বুঝিয়ে লেখ।

**<u>Creative Writing</u>**

**15.** নিচে সংবাদপত্রের একটি প্রতিবেদন তুলে দেওয়া হল। এটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও: 2+2=4

আজ শুক্রবার, ৫'জুন, বিশ্ব পরিবেশ দিবস। তার আগে মাত্র ১৫ দিনের ব্যবধানে দেশের দুপ্রান্তে আছড়ে পড়েছে দুটি ঘূর্ণিঝড়- আমপান ও নিসর্গ। এই ঘন ঘন ঘূর্ণিঝড় তৈরির জন্য মূলত উষ্ণায়নকেই দায়ী করছেন পরিবেশবিজ্ঞানীরা। তাঁরা

www.careerindia.com

বলছেন, উষ্ণায়নে রাশ টেনে পরিবেশের ভারসাম্য রক্ষা না করলে অচিরেই যে আরও দুর্দিন ঘনিয়ে আসছে, তা হাড়ে হাড়ে মালুম হচ্ছে। এবার বিশ্ব পরিবেশ দিবসে সেই বার্তাই দিয়েছে রাষ্ট্রপুঞ্জ। এবারের থিম 'টাইম ফর নেচার'। তাতে বলা হয়েছে, মানবসভ্যতার যাবতীয় জরুরি জিনিস প্রকৃতি থেকেই আসে। প্রকৃতি ও পরিবেশকে না বাঁচালে সভ্যতাও টিকবে না। পরিবেশবিজ্ঞানী স্বাতী নন্দী চক্রবর্তী বলছেন, "প্রকৃতির ক্ষতি হলে শুধু দুর্যোগ আসে না, ছোটখাটো জীবের উপরেও তার প্রভাব পড়ে। কখনও কখনও ঝাঁক বেঁধে চেনা জায়গা ছেড়ে অন্যত্র চলে যায়। তাতেও মানুষ ক্ষতিগ্রস্ত হবে।" পরিবেশবিজ্ঞানীদের মতে, বর্তমান প্রকৃতির সব থেকে বড় বিপদ কার্বন দূষণ ও উষ্ণায়ন। লকডাউন পর্বে কলকাতা সহ দেশের দূষিত নগরীগুলির বায়ুদূষণের মাত্র এক ধাক্কায় অনেক কমে গিয়েছে। কিনতু লকডাউন করে দূষণ কমানো অবাস্তব। তবে বিজ্ঞানভিত্তিক ও বাস্তবসম্মত পদ্ধতিতে রাশ টানলে যে দূষণ কমানো সম্ভব, তার প্রমাণ মিলেছে।

a. উপরের প্রতিবেদনটির একটি উপযুক্ত শিরোনাম দাও।

b. দু'টি বাক্যে বিষয়টির উপর আলোকপাত কর।

**16.** মনে কর, তুমি কলকাতার বাইরে কোনো হোস্টেলে থাক। সাম্প্রতিককালে সংঘটিত কোনো প্রাকৃতিক বিপর্যয় কাটিয়ে উঠে তোমার মনে হয়েছে, প্রকৃতির কাছে মানুষ আজও কত অসহায়- তোমার এই উপলব্ধির কথা জানিয়ে বাবাকে একটি চিঠি লেখ। 5

**অথবা**

সাম্প্রতিককালে বিশ্বব্যাপী মারণ ভাইরাসের করাল থাবা বিচ্ছিন্নতাকামী-ক্ষমতালোভী -বিশৃঙ্খল মানবসমাজকে ঐক্যবদ্ধ-সংযত-শৃঙ্খলাবদ্ধ হতে শিখিয়েছে- এই বিষয়ে তোমার অভিমত জানিয়ে বন্ধুকে একটি চিঠি লেখ।

www.careerindia.com